



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General Part-II Examination, 2021

বাংলা

তৃতীয় পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

প্রশ্ন নং ১ থেকে ৫-এর মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

১৫×২ = ৩০

১। “কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ।” — রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ প্রবন্ধ অবলম্বনে এই অতলস্পর্শ বিরহের স্বরূপ নির্ণয় করো। ১৫

অথবা

‘বর্তমান যুগের সাধনার সঙ্গেই বর্তমান যুগের শিক্ষার সঙ্গতি হওয়া চাই।’ — ‘বর্তমান যুগের সাধনা’ বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন? তার সঙ্গে বর্তমানকালের শিক্ষার সঙ্গতি কীভাবে হতে পারে, তা প্রাবন্ধিকের অনুসরণে বুঝিয়ে দাও। ৬+৯

২। ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে অ-প্রাকৃত ও আকস্মিক ঘটনা, নিয়তি লীলা-রহস্য প্রভৃতি উপাদান ‘শিল্পকলা সম্মত রূপ ধারণ করিয়াছে।’ — এই অভিমতের যৌক্তিকতা নির্ধারণ করো। ১৫

অথবা

‘কপালকুণ্ডলা’ উপন্যাসে কাপালিক চরিত্রের ভূমিকা আলোচনা করো। ১৫

৩। “একে তো জাতিভেদের উপর রমেশের কোনোদিনই আস্থা ছিল না, তাহাতে এই দুই গ্রামের অবস্থা তুলনা করিয়া তাহার অশ্রদ্ধা শতগুণে বাড়িয়া গেল।” — কোন্ দুটি গ্রামের কথা বলা হয়েছে? দুটি গ্রামের অবস্থার তুলনামূলক আলোচনা করো এবং তাতে রমেশের অশ্রদ্ধা বৃদ্ধির কারণগুলি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ২+৬+৭

অথবা

‘বিশ্বেশ্বরী’ চরিত্রটি অঙ্কনে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের দক্ষতা বিচার করো। ১৫

৪। ‘রাজা ও রাণী’ কোন শ্রেণির নাটক তা বিচার করো। ১৫

অথবা

‘রাজা ও রাণী’ নাটকে চরিত্রগুলির মধ্যে বিক্রম চরিত্রই সর্বাপেক্ষা বিকাশধর্মী- মন্তব্যটি আলোচনা করো। ১৫

৫। তে-ভাগা আন্দোলনের প্রেক্ষাপটে রচিত ‘হারানের নাটজামাই’-এই ছোটগল্পটির সার্থকতা বিচার করো। ১৫

অথবা

একাধিক দৃষ্টিকোণে ‘পুঁইমাচা’ নামকরণটির সার্থকতা বিচার করো। ১৫

প্রশ্ন নং ৬ থেকে ১০-এর মধ্যে যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও

- ৬। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) “পৃথিবীতে নেশন গড়ে উঠেছিল সত্যের জোরে; কিন্তু ন্যাশনালিজম সত্য নয়।” — ‘নেশন’ সত্য হলেও ন্যাশনালিজম সত্য নয় কেন বুঝিয়ে দাও। ৫
- (খ) “বিরহিনীর বিরহ বেদনার সঙ্গে কবির কেকারব এইজন্যই জড়িত।” — কোন্ প্রবন্ধের অন্তর্গত ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিচার করো। ১+৪
- (গ) ‘আমাদের মধ্যে মনুষ্যত্বের নিবিড় ঐক্য আছে, অথচ কালের নিষ্ঠুর ব্যবধান।’ — উদ্ধৃত অংশটি কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে ? ‘নিবিড় ঐক্য’ এবং ‘নিষ্ঠুর ব্যবধান’ – বলতে কী বোঝানো হয়েছে ? ১+২+২
- ৭। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) “তুমি তো কখনও রূপ দেখিয়া উন্নত হও নাই।” – কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩
- (খ) “আমি বনচর ছিলাম, বনচর হইব” – কে, কাকে কখন কথাটি বলেছে ? কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৩+২
- ৮। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) ‘তুমি হুকুম করলে আসামী হয়ে জেল খাটতে পারি, ফেরিদি হব কোন্ কাল মুয়ে ?’ — কে, কাকে, কোন প্রসঙ্গে একথা বলেছে ? ১+১+৩
- (খ) “মেয়েমানুষ হয়ে মেয়েমানুষের নামে এ অপবাদ দিস নে রে, ধর্মে সহিবে না।” — কথাটি কে, কাকে, কোন প্রসঙ্গে বলেছে তা আলোচনা করো। ১+১+৩
- ৯। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) ‘নারী হয়ে রাজকার্যে দিয়ো না দিয়ো না হাত।’ – কে, কার উদ্দেশ্যে কথাটি বলেছেন ? প্রসঙ্গ নির্দেশ করো। ১+১+৩
- (খ) ‘রাজার অদৃষ্টে বিধি লেখেনি প্রণয়।’ – কে, কাকে বলেছেন ? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩
- ১০। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) ‘ফুল আর কবিতার বই দাও, সেই ভালো’ – কে, কাকে এই পরামর্শ দিয়েছে ? প্রসঙ্গ নির্দেশ করো। ১+১+৩
- (খ) ‘করণায় মমতায় সে যেন দেবীই হইয়া উঠিয়াছে’ – কার কথা বলা হয়েছে ? প্রসঙ্গ নির্দেশ করো। তার দেবী হয়ে ওঠার স্বরূপ আলোচনা করো। ১+২+২

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—